কুষ্টিয়ায় আরও ১৫ জনের মৃত্যু, নতুন শনাক্ত ২৬০

কুষ্টিয়ায় গত ২৪ ঘন্টায় করোনা ও উপসর্গ নিয়ে আরও ১৫ জনের মৃত্যু হয়েছে। গেলো এক সপ্তাহে কুষ্টিয়ায় করোনা আক্রান্ত ৮৩ জনের মৃত্যু হয়েছে।

শনিবার রাতে কুষ্টিয়া জেলা প্রশাসকের কার্যালয় থেকে এ তথ্য জানা গেছে। এছাড়াও গত ২৪ ঘন্টায় ৮৪১ নমুনা পরীক্ষায় আরও ২৬০ জনের করোনা শনাক্ত হয়েছে। কুষ্টিয়া জেনারেল হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. আব্দুল মোমেন জানান, কুষ্টিয়া করোনা ডেডিকেডেট জেনারেল হাসপাতালে ২০০ বেডের অনুকুলে করোনা ও উপসর্গ নিয়ে ভর্তি রয়েছে ২২৮ জন।

এর মধ্যে করোনা শনাক্ত রোগী ১৬৮ জন। বাকিরা করোনার উপসর্গ নিয়ে ভর্তি আছেন। প্রায় ৭০ শতাংশ রোগীদের অক্সিজেন প্রয়োজন হচ্ছে। গত ৭ দিনেই কুষ্টিয়ায় করোনা আক্রান্ত ৮৩ জনের মৃত্যু হয়েছে এবং ১ হাজার ৪৩৭ জন করোনায় আক্রান্ত হয়েছে। এ পর্যন্ত শুধুমাত্র করোনা আক্রান্ত ৪৯৩ জনের মৃত্যু হয়েছে।

আলমডাঙ্গায় ৩৫৩ পিস ট্যাপেন্টা ও নগত অর্থসহ ৩ মাদক ব্যবসায়ী আটক

আলমডাঙ্গায় ৩৫৩ পিস ট্যাপেনডা ডল ও নগত ৬ লক্ষ ৩০ হাজার টাকা সহ ৩ মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। শনিবার সকাল ৬ টার দিকে পৌর এলাকার কলেজপাড়া থেকে তাদের আটক করে।

আটকৃত ব্যক্তিরা কলেজপাড়া এলাকার শ্যামল কুমার সাহার ছেলে সুবেন্দ্র কুমার সাহা (২৫), তার মা মঞ্জু রাণী সাহা (৫১),

সানোয়ার হোসেন মোল্লার ছেলে মোখলেছুর রহমান মিলন (৪৪)।

এজাহার সূত্রে জানাযায়, আলমডাঙ্গা পৌর এলাকার কলেজপাড়ার সুবেন্দ্র কুমার সাহা সহ তার পরিবার ইতালি প্রবাসী জামিরুল ইসলামের বাড়িতে ভাড়ায় বসবাস করে। কলেজপাড়ার বাসাটি আবাসিক হওয়ায় গোপনে বাড়িতে ট্যাপেনডা ডল নেশা জাতীয় দ্রব্য বিক্রয় করে আসছে।

গোপন সংবাদের ভিত্তিতে আলমডাঙ্গা থানার ওসি আলমঙ্গীর কবিরের নির্দেশে এসআই সঞ্জিত কুমার, এসআই আলমঙ্গীর হোসেন, এসআই মহিউদ্দিন সঙ্গীয় ফোর্স কলেজপাড়ায় মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন। এসময় সুবেন্দ্র কুমার সাহার বাড়ি থেকে মোখলেছুর রহমান মিলনকে আটক করে।

তার শরীর তল্লাশি করে ৫৩ পিস ট্যাপেনডা ডল ও ২ পিস ইয়াবা উদ্ধার করে। তার স্বীকারোক্তিতে সুবেন্দ্র কুমার সাহার বাড়িতে তল্লাশি করে পুলিশ। বাড়ি থেকে ৩ শ পিস ট্যাপেনডা ডল ও মাদক বিক্রয়ের ৬ লক্ষ ৩০ হাজার টাকা উদ্ধার করে পুলিশ। এ ঘটনায় আলমডাঙ্গা থানায় মাদকদ্রব্য আইনে মামলা দায়ের হয়েছে। শনিবার সংশ্লিষ্ট মামলায় জেল হাজতে প্রেরণ করে।

মেহেরপুরে ভুয়া ডিবি পুলিশ আটক

মেহেরপুরে ডিবি পুলিশের পরিচয় দিয়ে দোকান মালিকের কাছ থেকে টাকা আদায় করার সময় জুবায়ের হোসেন নামের এক যুবককে আটক করেছে থানা পুলিশ।

শনিবার সন্ধ্যার দিকে শহরের বেড়পাড়া এলাকা থেকে জুবায়েরকে আটক করা হয়। আটক জুবায়ের কুষ্টিয়া সদর উপজেলার ভাদালিয়া গ্রামের শাহজাহান আলীর ছেলে। বর্তমানে সে মেহেরপুর শহরের পুলিশ লাইন পাড়ায় বসবাস করছে।

জানা গেছে, লকডাউন চলাকালীন দোকান খুলে রাখায় ভয় দেখিয়ে জুবায়ের হোসেন মেহেরপুর শহরের বেড়পাড়া এলাকার সুজন নামের এক মুদি ব্যবসায়ীর কাছ থেকে পর্যায়ক্রমে একদিন নগদ অর্থ এবং আর একদিন

সিগারেট আদায় করে।

শনিবার সন্ধ্যায় আবারও সে ওই দোকান মালিকের কাছে গিয়ে লকডাউনের মধ্যে দোকান খোলায় তাকে ভয়-ভীতি প্রদর্শন করে এবং সিগারেট নেয় । এসময় দোকান মালিক সুজনের জুবাইয়েরকে সন্দেহ হলে তাকে আটকে রেখে মেহেরপুর সদর থানা পুলিশকে খবর দেয়। পরে মেহেরপুর সদর থানার এসআই রফিকুল ইসলামের নেতৃত্বে পুলিশের একটি দল তাকে থানায় নিয়ে আসে।

দামুড়হুদায় লকডাউন বাস্তবায়নে ভ্রাম্যমান আদালতে জরিমানা আদায়

দামুড়হুদায় ১৪ দিনের কঠোর লকডাউনে দ্বিতীয় দিনে ভ্রাম্যমান আদালত পরিচালনা করে জরিমানা আদায় করা হয়েছে। দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান এর নির্দেশনায় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ এ অভিযান পরিচালনা করেন।

শনিবার বিজিবি ও দর্শনা থানার পুলিশসহ দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাঘাডাঙ্গা- কুড়ালগাছী-প্রতাপপুর-রুদ্রনগর-সদাবরী- পারকেষ্টপুর-মদনা-দর্শনা-হাউলী রেলগেট- লোকনাথপুর- জয়রামপুর হয়ে দামুড়হুদা পর্যন্ত লকডাউন বাস্তবায়ন ও মোবাইল কোর্ট পরিচালনা করেন। এসময় বিনা প্রয়োজনে রাস্তায় বেড় হওয়া, চায়ের দোকানে আড্ডা দেওয়া, বিনা প্রয়োজনে মুজিবনগর থেকে বেড়াতে আসা,বিনা মাস্কে ঘুরে বেড়ানো, বিজিবি থামতে বলার পর ও মোটরসাইকেল নিয়ে চলে যাওয়া সহ বিভিন্ন অপরাধে ১৯ জনকে দন্ডবিধি, ১৮৬০ এর ২৬৯,সড়ক পরিবহন আইন, ২০১৮ এর ৬৬ ধারায় ১২,১০০ টাকা জরিমানা করা হয়।

দর্শনা ঈশ্বরচন্দ্রপুর তিন রাস্তার মোড়ে গাজা সেবন করায় একজনকে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এর ৩৬(৫) ধারানুসারে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড দেওয়া হয়।ও ৬ জনকে ৪ ঘন্টা আটকাদেশ দেওয়া হয়। ১৬ জনকে পিতামাতার জিম্মায় ছেড়ে দেওয়া হয়। ভ্রাম্যমান আদালত

পরিচালনা করেন, দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি)ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট সুদীপ্ত কুমার সিংহ।

এসময় উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সুদীপ্ত কুমার সিংহ বলেন, দামুড়হুদা উপজেলা সীমান্তবর্তী এলাকাগুলোতে, ব্যাপক হারে দেখা দিয়েছে করোনার উপসর্গ, আতঙ্কিত হয়ে পড়েছে সচেতন মহল, সাধারণত এসময় করোনার বিষয়ে আমাদের সবাই কে সজাগ থাকবে হবে, মাস্ক ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে।

বাইরে চলাচলে মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করতে কঠোর হবে প্রশাসন। সর্বোচ্চ সতর্কতা নিতে হবে। অপ্রয়োজনে বাড়ির বাহিরে বের হবেন না। নিজে ও পরিবার সুস্থ রাখতে সরকারের দেওয়া সকল নির্দেশনা মেনে চলুন। লকডাউন বাস্তবায়নে প্রশাসন কে সহযোগিতা করুন।

জীবননগর বিধিনিষেধ অমান্য করায় ১৫জনকে ২০হাজার টাকা জরিমানা

জীবননগরে মহামারী করোনাভাইরাস নিয়ন্ত্রণে বিধিনিষেধ অমান্য ও স্বাস্থ্যবিধি লংঘন করায় ভ্রাম্যমান আদালত অভিযান চালাচ্ছে উপজেলা প্রশাসন ।

শনিবার বেলা সাড়ে ১২টার সময় জীবননগর বাজার ও হাসাদহ বাজারে জীবননগর উপজেলা নির্বাহী অফিসার আরিফুল ইসলাম ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ৬জনকে সাড়ে ৭হাজার টাকা জরিমানা প্রদান করে ।

একই দিনে জীবননগর বাজারে জীবননগর উপজেলার সহকারি কমিশনার (ভূমি) মোঃ মহিউদ্দিন ভ্রাম্যমান আদালত পরিচালনা করে ৯জনকে ১৩হাজার টাকা জরিমানা প্রদান করে ।

এদিকে লকডাউনের দ্বিতীয় দিনে সব ধরনের দোকান, শপিংমল, গনপরিবহন বন্ধ রয়েছে। এরপরও বিধি নিষেধ না মেনে অনেকে বিভিন্ন অজুহাতে রাস্তায় বের হচ্ছেন। লকডাউন বাস্তবায়নে আইনশৃঙ্গলা বাহিনী কাজ করছেন।

প্রধান সড়ক ও পাড়া মহল্লায় উপজেলা প্রশাসনের নেতৃত্বে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ভ্রাম্যমান টিম অভিযান চালাচ্ছে ।প্রয়োজন ছাড়া বাড়ির বাইরে এলেই গুনতে হবে জরিমানার টাকা।

মেহেরপুরে আরও ৬০ জন করোনা আক্রান্ত! মৃত্যু-১

মেহেরপুরে নতুন করে ৬০ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৭ জন, গাংনীতে ৪৪ জন, মুজিবনগর ৯ জন।

শনিবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৩১৩ টি। তারমধ্যে ৬০ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৬৩২ জন। তার মধ্যে সদরে ১১৬ জন, গাংনীতে ৪০৫ জন এবং মুজিবনগরে ১১১ জন।

এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১২১ জন । মৃতদের মধ্যে সদরে ৫৪ জন, গাংনী ৪২ জন ও মুজিবনগরে ২৫ জন।

এসময় তিনি সকলকে সামাজিক দুরত্ব,নিয়মিত সাবান দিয়ে হাত ধোওয়া,মাস্ক ব্যবহার, জন-সমাগম এড়িয়ে চলা এবং হাচিঁ কাশির শিষ্ঠাচার ও স্বাস্থ্যাবিধি মেনে চলার আহবান জানান।

সততার প্রশংসায় ভাসছেন

[redacted]

[redacted]

[redacted]

[

[redacted]

[redacted] [redacted] [redacted] [redacted] [redacted] [redacted] (2) [redacted] [redacted] [redacted] [redacted] [redacted]

তিনি বলেন, আমার মা রুমা খাতুনের সাথে পারিবারিক কলহের জের ধরে মারধর করতে গিয়ে মা মারা যান। সেই মামলায় আব্বা জেল খাটছিলো। আর কয়েকদিন পরই জেল খেটে বের হওয়ার কথা ছিলো। তবে জীবিত না মৃত অবস্থায় বের হবেন।

ঝিনাইদহে র্যাবের অভিযানে ৭শ পিচ ইয়াবাসহ ১ জন অটক

৭শ পিচ ইয়াবাসহ ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলার ভাদড়া গ্রাম থেকে ১জন কে আটক করেছে ঝিনাইদহ র্যাব-৬।
গত ২৩ জুলাই রাত ১১টার দিকে র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানাধীন বড় ভাদড়া বাজার এলাকায় কতিপয় ব্যক্তি মাদকদ্রব্য ক্রয়-বিক্রয়ের জন্য অবস্থান করছে। উক্ত সংবাদের ভিত্তিতে অভিযানিক দলটি ঘটনার সত্যতা যাচাই ও আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য সেখানে যায় এবং বড় ভাদড়া বাজারের পাশে ভোলার মোড়ে রিয়াজ উদ্দিন ফার্মেসির সামনে অভিযান পরিচালনা করে। র্যাবের উপস্থিতি টের পেয়ে ঘটনাস্থল থেকে কৌশলে পালানোর চেষ্টাকালে ইয়াবা বহনকারী সৈয়দ শফিকুল ইসলাম রনী (৪০) কে হাতে নাতে আটক করে। রনি পাবনা জেলার ঈশ্বরদী উপজেলার শাহাপুর গ্রামের মৃত আব্দুল মান্নান এর ছেলে। এ সময় উপস্থিত জনতার সামনে গ্রেফতারকৃত আসামী রনী’র নিকট হতে ৭শ পিচ ইয়াবা ট্যাবলেট উদ্ধার করে।
র্যাব-৬ এর কোম্পানী কমান্ডার জানান র্যাব প্রতিষ্ঠাকাল থেকেই চাঁদাবাজ, সন্ত্রাসী, খুনী, ছিনতাইকারী, অপহরণকারী, মানব পাচারকারী, প্রতারকচক্র গ্রেফতার, অবৈধ অস্ত্র গোলাবারুদ উদ্ধার এবং মাদক কারবারীদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের দৃষ্টান্ত স্থাপন করে জনগনের বিশ্বাস ও আস্থা অর্জন করেছে। এই অভিযান তারই একটি অংশ।
প্রেসবিজ্ঞপ্তিতে জানানো হয় গ্রেফতারকৃত আসামীকে জব্দকৃত মালামালসহ ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করা হয়েছে এবং তার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলা রুজু করা হয়েছে।

শৈলকুপায় পানিতে ডুবে শিশুর মৃত্যু

ঝিনাইদহের শৈলকুপায় সিয়াম(১০) নামে এক শিশুর মৃত্যৃ হয়েছে । শনিবার দুপুরে উপজেলার বড়িয়া গ্রামে এ ঘটনা ঘটে । নিহত সিয়াম বড়িয়া গ্রামের হাসান আলির ছেলে ।
প্রত্যক্ষদর্শিরা জানায়, দুপুরে পরিবারে সদস্যদের অগোচরে বাড়ির পাশে পুকুরে গোসল করতে নামে শিশু সিয়াম । খোঁজাখুজির একপর্যায়ে পুকুরে সিয়ামের লাশ ভাসতে দেখে । পরে তাকে উদ্ধার করে শৈলকুপা স¦◌াস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করে । এব্যাপারে শৈলকুপা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা জাহাঙ্গির হোসেন জানান,পানিতেডুবে সিয়াম নামের একটি শিশু মারা গেছে ।